www.ctgcollege.gov.bd
https://ctgcollege.eshiksabd.com
ctgcollege@yahoo.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
চট্টগ্রাম কলেজ চট্টগ্রাম

গণভোট ২০২৬ সংসদ নির্বাচন দেশের চাবি আপনার হাতে

## ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে চার বছর মেয়াদী ১ম বর্ষ স্নাতক (সম্মান) কোর্সে ভর্তির প্রাথমিক আবেদন ও ফি জমাদানের সময় বৃদ্ধি সংক্রান্ত বিজ্ঞপ্তি (কলেজ কোড- ৪৩০১)

**তারিখ: ০২.০২.২০২৬ খ্রি.**

চট্টগ্রাম কলেজে ভর্তি ইচ্ছুক শিক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে- জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২৯.০১.২০২৬ খ্রি. তারিখের স্মারক নং: ১০(২২৬)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/২০২৬/৩৪০০ মূলে প্রকাশিত ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি সময় বৃদ্ধির বিজ্ঞপ্তির প্রেক্ষিতে আগামী ২২.০২.২০২৬ খ্রি. তারিখ রাত ১২:০০ টা পর্যন্ত জাতীয় বিশ্ববিদ্যায়ের ওয়েবসাইট www.nu.ac.bd/admissions হতে অনার্স ১ম বর্ষে ভর্তির প্রাথমিক আবেদন সংগ্রহ করতে পারবে। আবেদনকারীকে অবশ্যই ভর্তি নির্দেশিকায় বিবৃত সকল শর্ত মেনে অনলাইনে আবেদন করতে হবে। চট্টগ্রাম কলেজে ভর্তি ইচ্ছুক শিক্ষার্থীরা প্রাথমিক আবেদন ফরম পূরণের পর উপায়/রকেট/বিকাশ অ্যাপস এবং সোনালী ই-ওয়ালেট এর মাধ্যমে উল্লিখিত তারিখের মধ্যে নির্ধারিত ফি **১০০০.০০(এক হাজার)** টাকা জমা প্রদান করতে পারবে।

ভর্তির আবেদনে নির্ধারিত ফি ১০০০.০০ (এক হাজার) টাকা জমাদান প্রক্রিয়া নিম্নরূপ :

১। প্রাথমিক আবেদন ফরম প্রিন্ট করার পর প্রথমে কলেজের ভর্তি ওয়েবসাইটে www.ctgcolleg.eshiksabd.com লিংকে প্রবেশ করে ইউজার আইডি ও পাসওয়ার্ড: **ctgstudent** দিয়ে লগইন করতে হবে। এর পর Apply for Application Form এ ক্লিক করে NU Admission এর আবেদন ফরমে প্রাপ্ত ০৭(সাত) ডিজিটের Application ID, শিক্ষার্থীর নাম ও মোবাইল নম্বর লিখে Submit এ ক্লিক করে নিম্নোক্ত নিয়মে ফি পরিশোধ করতে হবে

**২) উপায়/রকেট/বিকাশ/নগদ অ্যাপস লগইন করতে হবে।**

**(i) উপায়/বিকাশ অ্যাপসে এডুকেশন ফি (Education fee) সিলেক্ট করতে হবে।**

**(ii) রকেট অ্যাপসে পে বিল সিলেক্ট করতে হবে।**

**(iii) কলেজ ট্যাপ করে Chittagong College সিলেক্ট করতে হবে।**

**(iv) স্টুডেন্ট আইডি নম্বরের জায়গায় প্রাথমিক আবেদন ফরমে প্রাপ্ত ০৭ (সাত) ডিজিটের Application ID দিতে হবে।**

**(v) টাকার পরিমাণ চেক করে ফি পরিশোধ করতে হবে।**

**৩) ফি পরিশোধ সফল হলে 'রশিদ'সহ প্রাপ্ত ট্রান্সজেকশান আইডি ও মোবাইল নম্বর আবেদন ফরমে লিখে ফরমটি পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত আবেদন ফরম নিজের কাছে সংরক্ষণ করবে।**

৪. (i) ২৩.০২.২০২৬ খ্রি. তারিখের মধ্যে প্রাথমিক আবেদন এর নিশ্চয়নের SMS না পেলে ভর্তি রোল নম্বর এবং পিন কোড দিয়ে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট www.nu.ac.bd.admissions তে গিয়ে Applicant Login করে প্রাপ্ত **Panel** এ **View Application** অপশনে **Status: Received** থাকলে আবেদন সম্পন্ন হয়েছে বিধায় তাকে কলেজে যোগাযোগ করতে হবে না।

**(ii) View Application** অপশনে **Status: Submitted** থাকলে আগামী ২৪.০২.২০২৬ খ্রি. তারিখ দুপুর ১:০০ টার মধ্যে প্রাথমিক আবেদন ফরম এবং ফি জমার রশিদসহ প্রশাসনিক ভবন এর অফিস কক্ষ নম্বর প্র-১০৪ এ যোগাযোগ করার জন্য নির্দেশ দেয়া হলো।

৫) কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন নিশ্চয়নকৃত শিক্ষার্থীদের ভর্তি পরীক্ষার নির্ধারিত তারিখের ০৭ (সাত) দিন পূর্বে ভর্তি বিষয়ক ওয়েবসাইটের **Applicant Login** অপশন থেকে ভর্তি পরীক্ষার প্রবেশপত্র (**Admit Card**) ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে। পরীক্ষার্থীকে অবশ্যই ভর্তি পরীক্ষার প্রবেশপত্র ও এইচএসসি পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডসহ পরীক্ষার কক্ষে প্রবেশ করতে হবে।

*বি:দ্র: প্রাথমিক আবেদন ফরমে কোন প্রকার ভুলের জন্য আবেদকারী দায়ী থাকবে। নির্ধারিত সময়ের মধ্যে ফি জমা প্রদান না করলে/ভুল করলে আবেদন বাতিল বলে গণ্য হবে। প্রয়োজনে সংশ্লিষ্ট অফিস সহকারী ০১৮১৩৮০৮০৯৮ নম্বরে যোগাযোগ করা যাবে।*

প্রতি স্বাক্ষর

(প্রফেসর মোহাম্মদ মোজাহেদুল ইসলাম চৌধুরী)
আইডি নম্বর : ০০০০৮৫২৮
অধ্যক্ষ
চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম।

CHITTAGONG COLLEGE CHITTAGONG ESTD: 1869 BANGLADESH

(প্রফেসর মোঃ কবির হোসেন)
বিভাগীয় প্রধান, অর্থনীতি বিভাগ
আহ্বায়ক
ও
স্নাতক (সম্মান) প্রথম বর্ষ (২০২৫-২০২৬) ভর্তি কমিটি
চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম